পাথরঘাটা উপজেলায় জালিশ মাহমুদ (১১) নামে এক মাদ্রাসাছাত্রকে পিটিয়ে গুরুতর জখম করার অভিযোগে দুই শিক্ষককে সাময়িক বরখাস্ত করেছে মাদ্রাসা পরিচালনা কমিটি। শনিবার সকালে পাথরঘাটা মাছের খাল কোরবানিয়া হাফিজিয়া মাদ্রাসার প্রতিষ্ঠাতা মোহাম্মদ দুলাল হোসেন এ তথ্য নিশ্চিত করেন।

গত বৃহস্পতিবার ওই মাদ্রাসার হিফজ বিভাগের নিয়মিত ছাত্র জালিশ আহমেদ বাড়ি আসতে চেয়েছিল। কিন্তু তাকে আসতে না দিয়ে সকালে দুই দফায় বিভাগের শিক্ষক মিল্লাত হোসেন ও আল আমিন পিটিয়ে গুরুতর জখম করেন। জালিশের বাবা জাকির হোসেন

advertisement

বলেন, ছেলের এমন অবস্থা দেখে আমরা হাসপাতালে নিয়ে যাই। সেখানে প্রাথমিক চিকিৎসা দিয়ে বাড়ি নিয়ে আসি।

অভিযুক্ত শিক্ষকরা বলেন, ওই ছাত্র মাদ্রাসা থেকে পালাচ্ছিল। তাই তাকে একটু শাসনের চেষ্টা করেছি। যদিও বিষয়টি একটু বাড়াবাড়ি হয়ে গেছে। স্থানীয় জনপ্রতিনিধিদের মাধ্যমে আমাদের বিচার করা হয়েছে। যা আমাদের ভবিষ্যতের জন্য শিক্ষা হয়েছে। এমন কাজ আর হবে না।